দৈনিক জনকণ্ঠ

তারিখ: 12 OCT 2016
পৃষ্ঠা: 2 কলাম: 8

### পরীক্ষা ৪ নবেম্বর

# ডেন্টালে ভর্তির আবেদন ১৫ অক্টোবর থেকে

**স্টাফ রিপোর্টার ।** এবার শুরু হবে সরকারী ও বেসরকারী ডেন্টাল কলেজে ব্যাচেলর অব ডেন্টাল সার্জারি (বিডিএস) কোর্সে ভর্তি কার্যক্রম। আগামী ১৫ অক্টোবর থেকে শুরু হচ্ছে ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে আবেদনপত্র গ্রহণ। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা আগামী ২৪ অক্টোবর পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন। এমবিবিএস ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীরাও এই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (চিকিৎসা, শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডাঃ মোঃ আবদুর রশীদ জনকণ্ঠকে জানান, ভর্তি পরীক্ষার ক্ষেত্রেও এমবিবিএস পরীক্ষার মতোই কঠোর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। আগামী দু-একদিনের মধ্যে বিভিন্ন জাতীয় দৈনিকসহ অন্য গণমাধ্যমে এ সংক্রান্ত ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। পূর্ব সিদ্ধান্ত অনুসারে আগামী ৪ নবেম্বর ডেন্টাল কলেজের পরীক্ষা অনুষ্ঠিত হবে। তিনি জানান, গত বছর পর্যন্ত সরকারী-বেসরকারী মেডিক্যাল ও ডেন্টাল কলেজের পরীক্ষা স্বাস্থ্য অধিদফতরের অধীনে কেন্দ্রীয়ভাবে একইদিন একই সময় অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হলেও এবার পৃথকভাবে উভয় পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত হয়। গত ৭ অক্টোবর মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষা শেষে সোমবার বিকেলে এমবিবিএস পরীক্ষার ফল প্রকাশিত হয়।

বাংলাদেশ মেডিক্যাল এ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) নির্ধারিত ভর্তির নীতিমালা অনুসারে শিক্ষার্থীকে আবেদন করতে হলে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষা মিলিয়ে মোট জিপিএ-৯ থাকতে হবে। লিখিত পরীক্ষায় পাসের জন্য বাধ্যতামূলকভাবে ৪০ শতাংশ নম্বর পেতে হবে। এছাড়াও ভর্তি পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (জিরো পয়েন্ট টোয়েন্টি ফাইভ) কেটে নেয়া হবে।